# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫০৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৬. কোন ব্যক্তি একাকী (ফজরের) নামায পড়ার পর পুনরায় জামাআত পেল, সে যেন জামাআতে নামায পড়ে

بَابُ مَنْ كَانَ يُصَلِّي الصُّبْحَ وَحْدَهُ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ فَلْيُصَلِّ مَعَهَا

---

আরবী

ثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ الْجُنَيْدِ ، ثَنَا أَبُو عَاصِمٍ عَنْ سُفْيَانَ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ جَابِرِ بْنِ يَزِيدَ عَنْ أَبِيهِ قَالَ : صَلَّيْتُ مَعَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَلَمَّا انْصَرَفَ رَأَى رَجُلَيْنِ فِي مُؤَخَّرِ الْقَوْمِ ـ قَالَ : ـ فَدَعَا بِهِمَا فَجَاءَا تَرْعُدُ فَرَائِصُهُمَا فَقَالَ : " مَا لَكُمَا لَمْ تُصَلِّيَا مَعَنَا ؟ " . قَالاَ : يَا رَسُولَ اللَّهِ ، صَلَّيْنَا فِي الرِّحَالِ . قَالَ : " فَلاَ تَفْعَلاَ ، إِذَا صَلَّى أَحَدُكُمْ فِي رَحْلِهِ ثُمَّ جَاءَ إِلَى الإِمَامِ فَلْيُصَلِّ مَعَهُ ، وَلْيَجْعَلِ الَّتِي صَلَّى فِي بَيْتِهِ نَافِلَةً " . خَالَفَهُ أَصْحَابُ الثَّوْرِيِّ وَمَعَهُمْ أَصْحَابُ يَعْلَى بْنِ عَطَاءٍ مِنْهُمْ شُعْبَةُ وَهِشَامُ بْنُ حَسَّانَ وَشَرِيكٌ وَغَيْلاَنُ بْنُ جَامِعٍ وَأَبُو خَالِدٍ الدَّالاَنِيُّ وَمُبَارَكُ بْنُ فَضَالَةَ وَأَبُو عَوَانَةَ وَهُشَيْمٌ وَغَيْرُهُمْ رَوَوْهُ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ مِثْلَ قَوْلِ وَكِيعٍ وَابْنِ مَهْدِيٍّ

বাংলা

১৫০৬(৫). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... জাবের ইবনে ইয়াযীদ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে নামায পড়লাম। (নামাযশেষে) তিনি মোড় ফিরে লোকদের এক প্রান্তে দুই ব্যক্তিকে দেখতে পেলেন। রাবী বলেন, তিনি তাদের ডাকলেন। তারা কাঁপতে কাঁপতে এলো। তিনি জিজ্ঞেস করলেন, তোমাদের কি হয়েছে যে, তোমরা আমাদের সাথে নামায পড়োনি? তারা বলল, ইয়া রাসূলাল্লাহ! আমরা তাঁবুতে নামায পড়েছি। তিনি বলেনঃ আর এরূপ করো না। তোমাদের কেউ তার তাঁবুতে নামায পড়ে ইমামের কাছে এলে সে যেন তার সাথে পুনরায় নামায পড়ে এবং তার বাড়িতে পড়া নামাযকে নফল গণ্য করে।

আস-সাওরী (রহঃ)-এর সাথীগণ তার সাথে মতভেদ করেছেন। তাদের সঙ্গে ইয়া'লা ইবনে আতা (রহঃ)-এর

সাথীগণও আছেন। তাদের মধ্যে আছেন শো'বা, হিশাম ইবনে হাসান, শারীক, গায়লান ইবনে জামে', আবু খালিদ আদ-দালানী, মুবারক ইবনে ফাদালা, আবু আওয়ানা, হুশায়েম প্রমুখ। তারা এই হাদীস ইয়া'লা ইবনে আতা (রহঃ) থেকে ওয়াকী ও ইবনে মাহদী (রহঃ)-এর হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবের ইবনে ইয়াযীদ ইবনুল আসওয়াদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন